# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 15 April, 2025

পাবনায় সার উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে দানাদার রাসায়ানিকের পরিবর্তে বালু মেশানোর অভিযোগে এক প্রতিষ্ঠানকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার (১৫ এপ্রিল) দুপুরে পাবনার শিল্প নগরী বিসিকে অভিযান চালিয়ে এক্সপার্ট এগ্রি কেয়ার এক্সপোর্ট ও ইমপোর্ট লিমিটেডকে এ জরিমানা আদায় করা হয়।

র‍্যাবের সহযোগিতায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মাহমুদ হাসান রনি এ অভিযান পরিচালনা করেন।

তিনি জানান, বিসিকের কয়েকটি কারখানায় সার উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণে প্রয়োজনীয় রাসায়নিক ও অন্যান্য প্রয়োজনীয় উপাদানের পরিবর্তে বালু ও নানারকম ভেজাল দ্রব্য ব্যবহার করা হয় বলে অভিযোগ ছিলো।এর ভিত্তিতে এর আগেও এখানে অভিযান চালানো হয়।খবর পেয়ে প্রতিষ্ঠান বন্ধ করলেও এসময় সার ও বালাইনাশকে বালু মেশানোর মত কিছু স্যাম্পল আমরা সংগ্রহ করি এবং প্রতিষ্ঠান সিলগালা করে দেই।সে সকল উপাদানের প্যাকেট সরিয়ে ফেলায় আজকে অভিযানে গেলে সেগুলো না পেলেও তারা এসব ভেজাল দ্রব্য মেশান বলে স্বীকারোক্তি দেয়।এর ভিত্তিতে তাদের জরিমানা করা হয়েছে।

ভোক্তার এ কর্মকর্তা আরে বলেন, সারে স্যাকচার্লিস নামক দানাদার রাসায়নিক ব্যবহার করার কথা থাকলেও দাম বেশি হওয়ায় সারে নির্মাণকাজে ব্যবহৃত বালু ব্যবহার করছিলো।এছাড়া অল্প সার ও কীটনাশকে অনুপাতের বেশি বালু মিশিয়ে সারের ওজন বাড়িয়ে প্রতারণা করা হচ্ছিলো। অভিযানের খবরে প্রতিষ্ঠানের সবাই পালালেও বিসিকের সহায়তায় তাদের সাথে যোগাযোগ হলে প্রতিষ্ঠানের অধস্তন একজনকে পাঠিয়ে এ ধরণের কাজ আর করবে না বলে মুচলেকা দেয়ায় এক লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

সার র‍্যাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:05

URL: https://www.timestodaybd.com/rajshahi/172737827